ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৮৫
সাব্রুম, ২৩ জুলাই, ২০২৫

**শ্রীনগর বাজারে শিশুশ্রম বিরোধী অভিযান**

শিশু শ্রমের মতো সামাজিক ব্যাধি দূরীকরণের লক্ষ্যে জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশন, শিশু কল্যাণ সমিতি এবং শ্রমদপ্তর অনবরত চেষ্টা চালিয়ে যাচ্ছে। জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে এবং শ্রম দপ্তরের সহযোগিতায় প্যান ইন্ডিয়া রেস্কিউ এন্ড রিহেবিলিটেশন ক্যাম্পেইন ৩.০ এর অঙ্গ হিসেবে গতকাল সাব্রুম মহকুমার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী শ্রীনগর বাজারে শিশু শ্রম বিরোধী এক অভিযানের আয়োজন করা হয়। এই শিশুশ্রম বিরোধী অভিযানের নেতৃত্বে ছিলেন সাব্রুম মহকুমার শ্রম আধিকারিক অমিত কর, শিশু কল্যাণ কমিটির চেয়ারম্যান রূপক মজুমদার, ডিসিপিইউ কাউন্সিলর জয়শ্রী দেবনাথ, চাইল্ড হেল্পলাইন কো-অর্ডিনেটর রাকেশ দত্ত, শ্রম দপ্তরের কর্মী বিধান দাস সহ আরক্ষা প্রশাসনের কর্মীগণ। শিশু শ্রমিক আছে কিনা দেখতে শ্রীনগর বাজারের বিভিন্ন দোকানে অভিযান চালানো হয়। দোকানদারদের অবগত ও সচেতন করানো হয় যে, শিশুশ্রম আইনতঃ দন্ডনীয় অপরাধ। যদিও অভিযানকালে কোনও শিশু শ্রমিক উদ্ধার হয়নি। শ্রমদপ্তরের আধিকারিক জানিয়েছেন যে, আগস্ট মাসের ২৮ তারিখ পর্যন্ত দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন বাজারে এই অভিযান চালানো হবে।

*****